



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2022

গভর্নর ক্যাথি হোকল

অনাকাঙ্ক্ষিত টেলিমার্কেটিং কলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য গভর্নর হোকলের আইন স্বাক্ষর

এই আইন (S.8450-B/A.8319-C) টেলিমার্কেটারদের জন্য ফোন কলের শুরুতে গ্রাহকদেরকে কোম্পানির ডু-নট-কল তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার অপশন প্রদান করা আবশ্যিক করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ অনাকাঙ্ক্ষিত টেলিমার্কেটিং কলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য আইন স্বাক্ষর করেছেন। এই আইন (S.8450-B/A.8319-C) টেলিমার্কেটারদের জন্য নির্দিষ্ট টেলিমার্কেটিং ফোন কলের শুরুতে গ্রাহকদেরকে কোম্পানির ডু-নট-কল তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার অপশন প্রদান করা আবশ্যিক করেছে। এই নতুন আইন নিউ ইয়র্কবাসীদেরকে অব্যাহতভাবে অনাকাঙ্ক্ষিত ফোন কল পাওয়া থেকে সুরক্ষিত থাকতে সাহায্য করবে।

"অযাচিত টেলিমার্কেটিং ফোন কল পাওয়া থেকে নিউ ইয়র্কবাসীদেরকে রেহাই দেওয়ার জন্য আমরা আমাদের প্রচেষ্টাসমূহ বৃদ্ধি করছি," বলেছেন গভর্নর হোকল। "অনেক দীর্ঘ সময় ধরে, নিউ ইয়র্কবাসীরা এসব কলের উপদ্রব সহ্য করে আসছে, কারণ টেলিমার্কেটারদের ডু-নট-কল তালিকায় যুক্ত হওয়ার মাধ্যমে এসব ইন্টারঅ্যাকশন থেকে বেঁচে থাকার বিষয়টি তাদের জানা ছিল না। এই নতুন আইন ডু-নট-কল তালিকা সম্পর্কে আরো ভালোভাবে তথ্য প্রদান করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদেরকে এসব হতাশাজনক, অনাকাঙ্ক্ষিত ফোন কল পাওয়া থেকে রক্ষা করবে।"

এই আইন (S.8450-B/A.8319-C) টেলিমার্কেটারদের জন্য নির্দিষ্ট টেলিমার্কেটিং ফোন কলের শুরুতে, টেলিমার্কেটারের নাম ও সলিসিটরের নাম জানানোর ঠিক পরেই, গ্রাহকদেরকে কোম্পানির ডু-নট-কল তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার অপশন প্রদান করা আবশ্যিক করেছে। বর্তমান আইনের অধীনে, টেলিমার্কেটারদের জন্য লোকজনকে অবহিত করা আবশ্যিক যে তারা তাদের কোম্পানির ডু-নট-কল তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য অনুরোধ করতে পারেন। তবে, সাধারণত একজন টেলিমার্কেটার বা রেকর্ডিং ডু-নট-কল তালিকার কথা উল্লেখ করার আগেই ভোক্তারা কল কেটে দেন, যা টেলিমার্কেটারকে তাদের কাছে বার বার কল করার সুযোগ করে দেয়। টেলিমার্কেটিং কলের শুরুতেই ভোক্তাদেরকে ডু-নট-কল তালিকা সম্পর্কে তথ্য প্রদান করার মাধ্যমে, এই আইনটি নিউ ইয়র্কবাসীদের প্রতিনিয়ত অনাকাঙ্ক্ষিত ফোন কল পাওয়া থেকে সুরক্ষিত থাকার বিষয়টি নিশ্চিত করবে।

স্টেট সিনেটর জেরেমি কুনি বলেন, "উপদ্রবমূলক কলের প্রতিনিয়তা বৃদ্ধি পেতে থাকায়, নিউ ইয়র্কবাসীদেরকে অব্যাহতভাবে অনাকাঙ্ক্ষিত ফোন কল পাওয়া থেকে সুরক্ষিত রাখার জন্য আমরা আরো পদক্ষেপ গ্রহণ করছি। অনেক দীর্ঘ সময় ধরে টেলিমার্কেটাররা নো-কল তালিকার জন্য সাইন-আপ করার অপশনের কথা স্ক্রিপ্টের শেষে রাখার সুযোগ গ্রহণ করেছে; যা এখন থেকে বন্ধ হয়ে যাবে। নিউ ইয়র্কের অধিবাসীদের জন্য আমাদের অর্থপূর্ণ সুরক্ষা প্রদান করার এই সময়ে অ্যাসেম্বলি সদস্য পগুলিনের অংশীদারিত্ব এবং গভর্নর হোকলের সহায়তার জন্য আমি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য অ্যামি পগুলিন বলেন, "রোবোকলগুলো একটি নিত্যদিনকার বিরক্তিকর ব্যাপার এবং এটি লোকজন বা কমিউনিটিকে কোনোভাবে উপকৃত করে না। টেলিমার্কেটারদের জন্য ফোন কলের শুরুতেই লোকজনকে তারা যে ডু-নট-কল তালিকায় যুক্ত হতে পারেন সে বিষয়টি জানিয়ে দেওয়া আবশ্যিক করার মাধ্যমে, আমরা এই বিকৃত সমস্যার দরজা বন্ধ করছি। এই পদক্ষেপ গ্রহণ না করলে, বেশিরভাগ মানুষ তাদেরকে এই তালিকায় যুক্ত হওয়ার কথা অবহিত করার আগেই তারা ফোন রেখে দিতেন। NYS-এর সিনেটর জেরেমি কুনির সঙ্গে এই আইনের পৃষ্ঠপোষকতা করতে পেরে আমি গর্বিত এবং নিউ ইয়র্কবাসীদের প্রতিনিয়ত রোবোকলের সম্মুখীন হওয়ার এই ব্যাধির বিরুদ্ধে লড়াই করার জন্য এই পদক্ষেপ গ্রহণ করায় আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418